**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 26-07-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

## Headlines :

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি একটি নিরাপদ, সক্ষম এবং আত্মনির্ভর ভারত গড়ার সংকল্প আরও দৃঢ় করার জন্য 'মন কি বাত' অনুষ্ঠানে দেশবাসীর প্রতি আহ্বান জানান।**

**(২) 'মন কি বাত' অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ত্রিপুরার জনজাতিদের বাদ্যযন্ত্র চং প্রেং -এর কথা উল্লেখ করেছেন |**

**(৩) কার্গিল বিজয় দিবসে আজ রাজ্যেও শ্রদ্ধার্ঘ্য নিবেদন |**

*************************************

## P.M. on Mann Mi Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ কার্গিল বিজয় দিবস উপলক্ষে দেশের সাহসী বীরসৈনিকদের স্মরণ করেছেন এবং বলেছেন, ভারত তার ক্রমাগত নতুন উচ্চতায় পৌঁছুচ্ছে, সেটা হোক প্রতিরক্ষা উৎপাদন, প্রতিরক্ষা রফতানি বা বন্ধুত্বপূর্ণ দেশগুলির সাথে রাজনৈতিক সহযোগিতার ক্ষেত্র ।

আজ আকাশবাণীর ‘মন কি বাত’ এর ১৩৬ তম অনুষ্ঠানে দেশবাসীর উদ্দেশ্যে ভাষণে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, আজ ২৬শে জুলাই এমন একটি তারিখ যা মনে রাখার জন্য ক্যালেন্ডারের প্রয়োজন হয় না, কারণ আজ কার্গিল বিজয় দিবস পালিত হচ্ছে।

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদি বলেন, এই দিন সবাইকে গর্বিত করে তোলে এবং দেশের সাহসী সৈনিকদের অসাধারণ সাহসের কথা মনে করিয়ে দেয়। তিনি বীর শহীদ সৈনিকদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে বলেছেন, তারা ভারতমাতার জন্য সবকিছু ত্যাগ করেছেন।

প্রধানমন্ত্রী শ্রী মোদি, একটি নিরাপদ, সক্ষম এবং আত্মনির্ভর ভারত গড়ার সংকল্প আরও দৃঢ় করার জন্য দেশবাসীর প্রতি আহ্বান জানান।

প্রধানমন্ত্রী শ্রী মোদী বলেন, ভারত ক্রমাগত তার প্রযুক্তিগত ক্ষমতা শক্তিশালী করছে। তিনি সাম্প্রতিক সময়ে ভারতীয় নৌ বাহিনীতে ভারতীয় ডিজাইনে নির্মিত আই এন এস মহেন্দ্রগিরি যুদ্ধ জাহাজ যুক্ত করার বিষয়টি তুলে ধরেন। এই আধুনিক যুদ্ধজাহাজটিতে ব্যবহৃত ৭৫ শতাংশের বেশি উপকরণ দেশীয় প্রযুক্তিতে তৈরি। প্রধানমন্ত্রী একে ‘আত্মনির্ভর ভারত’-এর বাড়তে থাকা শক্তির একটি প্রতীক হিসেবে উল্লেখ করেছেন। চলতি মাসেই, DRDO র পিনাক লং-রেঞ্জ গাইডেড রকেটের সফল পরীক্ষা কিছু দিন আগে DRDO র কুশা ক্ষেপণাস্ত্র সফলভাবে পরীক্ষার কথাও প্রধানমন্ত্রী উল্লেখ করেছেন এবং এর জন্য প্রধানমন্ত্রী ভারতীয় বিজ্ঞানী ও ইঞ্জিনিয়ারদের অধ্যবসায়ের প্রশংসা করেছেন।

********************

**PM :**

প্রধানমন্ত্রী বলেছেন যে, গত রবিবার ‘বিক্রম-১’ সফলভাবে উৎক্ষেপণের পর প্রত্যেক ভারতীয় গর্বিত হচ্ছে। কারন, এটি হল ভারতের প্রথম রকেট যা বেসরকারি উদ্যোগে তৈরি হয়েছে।

‘ক্যাচ দ্য রেইন’ অভিযান সম্পর্কে কথা বলতে গিয়ে প্রধানমন্ত্রী মোদি বলেছেন যে গত ৪ঠা জুলাই থেকে একটি বিশেষ জাতীয় অভিযান শুরু হয়েছে।

এই উদ্যোগের ফলে, বৃষ্টির জল সংরক্ষণ, ভূগর্ভস্থ জলস্তর বৃদ্ধি, পুরনো জলাশয়ের পুনর্জীবন এবং গাছ লাগানোর ক্ষেত্রে নতুন উদ্যম দেওয়া হচ্ছে। প্রধানমন্ত্রী বলেছেন যে, সর্বত্র –গ্রাম হোক বা শহর, পঞ্চায়েত হোক বা সামাজিক সংগঠন – এত বড় অংশগ্রহণে তিনি অভিভুত ।

তিনি বলেন, আগামীকাল প্রাক্তন রাষ্ট্রপতি এপিজে আবদুল কালামের প্রয়ান দিবস। তিনি শিশু ও যুবকদের বড় স্বপ্ন দেখানোর অনুপ্রেরণা দিয়েছেন। শ্রী মোদি বলেন যে, এই সপ্তাহে গুরু পূর্ণিমাও উদযাপিত হবে। তিনি বলেন, গুরু পূর্ণিমা সব শিক্ষকের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করার একটি উপলক্ষ।

প্রধানমন্ত্রী, শ্রী মোদি ১৫ ই আগস্ট স্বাধীনতা দিবস উদযাপনের কথা উল্লেখ করে বলেন, এটি সেই অসংখ্য দেশ নায়কের স্মরণ করার দিন যারা দেশের স্বাধীনতার জন্য তাঁদের সবকিছু উৎসর্গ করেছেন।

তিনি উল্লেখ করেন যে, গত কয়েক বছরে 'হার ঘর তিরঙ্গা' অভিযান অসাধারণ উৎসাহে সমগ্র দেশকে একত্রিত করেছে।

এই বছরও, হার ঘর তিরঙ্গা উৎসাহ উদ্দীপনার সঙ্গে এগিয়ে নিয়ে যেতে হবে বলে উল্লেখ করেন ।১৫ই আগস্টের আগে নিজেদের নানান ধারণা ও প্রস্তাবনা MyGov-এ শেয়ার করার জন্য দেশবাসীর প্রতি অনুরোধ করেন প্রধানমন্ত্রী ।

প্রধানমন্ত্রী গর্ব প্রকাশ করেছেন যে, ভারতীয় যুবকরা সম্প্রতি খেলাধুলায় অসাধারণ সাফল্য অর্জন করেছে। ভারতীয় বন্য পাখি ইন্ডিয়ান গ্রে হর্নবিল এর পুনরায় ফিরে আসাকে তিনি বিশেষভাবে উল্লেখ করেছেন।

*********************

**CHANG PRANG PM-CM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আকাশবাণীর 'মন কি বাত' অনুষ্ঠানে ত্রিপুরার বাদ্যযন্ত্র চং প্রেং -এর বাদক স্বুরজ দেব্বর্মার কথা উল্লেখ করেন | প্রধানমন্ত্রী বলেন,

*********** **BYTE-PM** ***********

'মন কি বাত' অনুষ্ঠানে প্রধানমন্ত্রী চং প্রেং এবং চং প্রেং বাদক স্বুরজ কুমার দেব্বর্মার কথা উল্লেখ করায় মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গভীর সন্তোষ ও খুশি প্রকাশ করেন | আগরতলার এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন,

********* **BYTE-CM** **************

***********************

**Governor - Kargil Vijay Divas :**

রাজ্যেও যথাযোগ্য মর্যাদার সঙ্গে কারগিল বিজয় দিবস উদযাপন করা হয়েছে। আজ আগরতলার লিচুবাগানে অ্যালবার্ট এক্কা ওয়ার মেমোরিয়াল পার্কে শহীদ জওয়ানদের প্রতি শ্রদ্ধা জানানো হয়। উপস্থিত ছিলেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু। তিনি **১৯৯৯** সালের কারগিল যুদ্ধে দেশের জন্য সর্বোচ্চ আত্মত্যাগকারী বীর ভারতীয় সেনানিদের স্মৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন।

*********************

**********************